

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৮৩৫

২০. কোমলতা অধ্যায় (كتاب الرقاق)

পরিচ্ছেদঃ ৭৮. রাষ্ট্রীয় আনুগত্য করা ও তা থেকে বিচ্ছিন্ন না থাকা সম্পর্কে

باب فِي الطَّاعَةِ وَلُزُومِ الْجَمَاعَةِ

আরবী

حَدَّثَنَا الْحَكُمُ بْنُ الْمُبَارَكِ أَخْبَرَنَا الْوَلِيدُ بْنُ مُسْلِمٍ عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ يَزِيدَ بْنِ جَابِرٍ قَالَ أَخْبَرَنِي زُرِيْقُ بْنُ حَيَّانَ مَوْلَى بَنِي فَزَارَةَ أَنَّهُ سَمِعَ مُسْلِمَ بْنَ قَرَظَةَ الْأَشْجَعِيَّ يَقُولُ سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ خِيَارُ أَئِمَّتِكُمْ الَّذِينَ تُحِبُّونَهُمْ وَيُحِبُّونَكُمْ وَتُصَلُّونَ عَلَيْهِمْ وَيُصِلُّونَ عَلَيْكُمْ وَشِرَارُ أَئِمَّتِكُمْ لِلْتَغْرَنُهُمْ وَيُجِبُونَكُمْ وَتَلْعَنُونَكُمْ وَيَلْعَنُونَكُمْ قُلْنَا أَفَلَا نُنَايِدُهُمْ يَا رَسُولَ اللَّهِ عِنْدَ اللَّهِ عَنْدَ لَلْكَ قَالَ لَا الْفَيْفُونَهُمْ وَيُبْغِضُونَكُمْ وَتَلْعَنُونَهُمْ وَيَلْعَنُونَكُمْ قُلْنَا أَفَلَا نُنَايِذُهُمْ يَا رَسُولَ اللَّهِ عِنْدَ لَلْكَ قَالَ لَا مَا أَقَامُوا فِيكُمْ الصَّلَاةَ أَلَا مَنْ وُلِّيَ عَلَيْهِ وَالْ فَرَآهُ يَأْتِي شَيْئًا مِنْ مَعْصِيةِ اللَّهِ وَلَا يَرْعَنَّ يَدًا مِنْ طَاعَةٍ قَالَ ابْنُ جَابِرٍ فَقُلْتُ اللَّهِ يَا اللَّهِ فَقَالَ اللَّهِ فَلْيَكُرُهُ مَا يَأْتِي مِنْ مَعْصِيةِ اللَّهِ وَلَا يَزُعِنَ يَدُا مِنْ طَاعَةٍ قَالَ ابْنُ جَابِرٍ فَقُلْتُ اللَّهِ يَا الْمَقْدَامِ أَسَمِعْتَ هَذَا مِنْ مُسْلِم بْنِ قَوْلُ سَمِعْتُ عَمِي عَوْفَ بْنَ مَالِكِ يَقُولُ سَمِعْتُ مَي عَوْفَ بْنَ مَالِكِ يَقُولُ سَمِعْتُ مَي عَوْفَ بْنَ مَالِكِ يَقُولُ سَمِعْتُ لَا اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ سَمِعْتُ عَمِّي عَوْفَ بْنَ مَالِكٍ يَقُولُ سَمِعْتُ لَا اللَّهِ مَا لَا اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ سَمِعْتُ عَمِّي عَوْفَ بْنَ مَالِكِ يَقُولُ سَمِعْتُ لَا اللَّهُ مَلَى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ سَمِعْتُ عَمِّ عَلَى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُهُ الْمَالِكَ يَقُولُ اللَّهُ عَلَيْهُ وَلَا اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَنْ عَلَى اللَّهُ عَلَيْهِ وَسَلَمَ اللَّهُ عَلَيْهُ اللَّهُ عَلَيْهِ وَسُلَمَ مَنْ عَلِي عَلَيْهِ وَاللَّهُ عَلَيْهُ اللَّهُ عَلَيْهِ وَسَلَمَ عَلَيْهِ وَالْمُ الْمُعْتُ عَلَيْهِ الْمُعْتِ عَلَى اللَّهُ عَلَيْهُ اللَّهُ عَلَيْهُ الْمُعْتُ الْمَالِلُولُ الللَّهُ عَلَيْهُ الْمُعْتُ ا

বাংলা

২৮৩৫. আওফ ইবনু মালিক আল-আশজায়ী রাদ্বিয়াল্লান্থ আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, আমি রাসূলুল্লাহ্ সাল্লাল্লান্থ আলাইহি ওয়াসাল্লামকে বলতে শুনেছিঃ "তোমাদের উত্তম শাসক হচ্ছে- যাদের তোমরা ভালোবাসো এবং তারাও তোমাদের ভালোবাসে। তোমরা তাদের জন্য দোয়া কর এবং তারাও তোমাদের জন্য দোয়া করে। তোমাদের দুষ্ট শাসক হচ্ছে, যাদের তোমরা ঘৃণা কর এবং তারাও তোমাদের ঘৃণা করে। তোমরা তাদের অভিশাপ দাও, আর তারাও তোমাদের অভিশাপ দেয়।" আমরা বললাম, হে আল্লাহর রাসূল! এমন অবস্থার উদ্ভব হলে আমরা কি তাদের ক্ষমতাচ্যুত (বিরোধিতা) করব না? তিনি বললেনঃ "না, যতদিন তারা তোমাদের মাঝে সালাত কায়েম করে।

জেনে রাখ, যদি তোমাদের কেউ কারো ওপর শাসক নিযুক্ত হয় এবং সে তাকে আল্লাহর নাফরমানীতে লিপ্ত দেখে



তাহলে সে যেন তাদের আল্লাহর নাফরমানীমূলক কাজের নিন্দা করে। কিন্তু সে যেন আনুগত্যের হাত (শপথ) তার থেকে তুলে না নেয়।"[1] ইবনে জাবির বলেন, আমি তাকে বললাম, "হে আবুল মিকদাম! আল্লাহর শপথ, আপনার এ হাদীসটি কি আপনি মুসলিম ইবনে কারাযাকে বর্ণনা করতে শুনেছেন? বর্ণনাকারী বলেন, আমার কথা শুনে তিনি হাঁটু গেড়ে কিবলার দিকে মুখ করে বসে আমাকে উত্তর দিলেনঃ আল্লাহর শপথ! আমি এ হাদীস মুসলিম ইবনু কারাযাকে বলতে শুনেছি, (তিনি বলেছেন) আমি আমার চাচা আউফ ইবনু মালিক রাদ্বিয়াল্লাহু আনহুকে বলতে শুনেছি, তিনি বলেন, আমি রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে এটি বলতে শুনেছি।

ফুটনোট

[1] তাহকীকঃ: এর সনদ সহীহ।

তাখরীজ: মুসলিম, ইমারাহ ১৮৫৫।

আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি সহীহ ইবনু হিব্বান নং ৪৫৮৯ তে।

সংযোজনী: এছাড়াও, তাবারাণী, কাবীর ১৮/৬২, ৬৩ নং ১১৫, ১১৬,১১৭; মুসনাদুশ শামিয়্যীন নং ৫৮৬, ৫৮৭, ৬৩৭, ১৯৩৮; বুখারী, কাবীর ৭/২৭০-২৭১।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আউফ ইবনু মালিক (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন